

স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
www.heu.gov.bd


স্মারক নং- ৪৫.০৫.০০০০.০০৫.৩৯.০০১.১৯.১৪১

তারিখঃ ০১/০২/২০২১ খ্রি.

অফিস আদেশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর ২.৩.১ নং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য মোতাবেক একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়ন করার নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি পালন করে নিয়মিত অফিসের উপস্থিতি (হাজিরা) নিশ্চিতকরণের জন্য স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ডিজিটাল হাজিরা (face recognition- এর সুবিধাসহ) ব্যবস্থা চালু করেছে। সেবাটি গত ০১-০১-২০২১ খ্রি. তারিখ থেকে এই ইউনিটের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিত করে আসছে।

এমতাবস্থায় স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের কর্মকর্তা ও কর্মচারীগণকে এ পত্রজারীর পর থেকে উল্লিখিত সেবাটি ব্যবহার করে নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কাজে যে কোন সমস্যার সম্মুখীন হলে জনাব মোঃ মেহেদী হাসান, সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট- এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।


০১/০২/২০২১

ফাতেমা জোহরা

উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)

ফোনঃ ৯৫৮৫৫৭৮

ই-মেইলঃ dd1@heu.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রোগ্রাম ম্যানেজার, স্বাস্থ্য অর্থনীতি/ জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ২। পরিচালক (প্রশাসন/গবেষণা), স্বাস্থ্য অর্থনীতি, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ৩। উপপরিচালক-১/৩/৪, সিনিয়র সহকারী প্রধান, স্বাস্থ্য অর্থনীতি/ জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ৪। সংযুক্ত কর্মকর্তা (সকল), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ জিএনএসপি ইউনিট/ এসএসকে সেল/ বিএনএইচএ সেল/ কিউআইএস, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ৬। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ৮। সকল কর্মচারী, স্বাস্থ্য অর্থনীতি/ জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
- ৯। অফিস কপি।